

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা কমিটির আগষ্ট/ ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

তারিখ : ১৩/০৮/২০২১ খ্রিঃ।

সময় : বেলা-১২.৩০ টা

স্থান : উপজেলা পরিষদ কার্যালয়, কালিয়া, নড়াইল।

সভাপতি : মোসাঃ সোহেলী পারভীন নিরী
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি বলেন যে, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক জুলাই, ২০১৩ খ্রিঃ তারিখে প্রকাশিত উপজেলা পরিষদ ম্যানুয়ালের (উপজেলা পরিষদ আইন, ১৯৯৮) এর ধারা ২৯ অনুযায়ী উপজেলা পরিষদের গত ২৫/০৬/২০২১ খ্রিঃ তারিখের সভায় প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি গঠন করেছেন। তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ উপজেলা পরিষদের সভায় উপস্থাপনযোগ্য বিষয় সমূহ সুপারিশ আকারে উপস্থাপন করার বিষয়ে গুরুত্বারোপ করেন।

সভায় উপস্থিত উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, বর্তমানে এ উপজেলায় ১৫৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলির পাবলিক পরীক্ষার (পিএসসি ও এবতেদায়ী) সামগ্রিক ফলাফল অতীতের যে কোন সময়ের তুলনায় বর্তমানে ভাল। এ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ভৌত অবকাঠামোগত অবস্থাও ভাল। তবে যে সমস্ত প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী বেশী সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে উর্ধ্বমুখী সম্প্রসারণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর আবেদন করা হয়েছে। কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানের উর্ধ্বমুখী সম্প্রসারণ কার্যক্রম চলমান আছে, কিছু প্রাক্রিয়াধীন। এ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠান সমূহে পাঠদান পদ্ধতি ও শিক্ষার পরিবেশ ভাল। উপরোক্ত সরকারীভাবে বছরের শুরুতে পাঠবই শিক্ষার্থীদের হাতে পৌছে দেয়ায় যথাসময়ে শিক্ষা কার্যক্রম শুরু করা সম্ভব হওয়ায় পাঠদানে কোন জটিলতা সৃষ্টি হয়না।

প্রাথমিক ও গণশিক্ষা শিক্ষার উন্নয়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলার শিক্ষা প্রতিষ্ঠান সমূহে বর্তমান পাঠদান, পাবলিক পরীক্ষার ফলাফল,ঝরে পড়ার রোধ করা সহ শিক্ষার পরিবেশ ধরে রেখে তা অব্যাহত রাখার জন্য সভার পক্ষ হতে উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ করা হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ সোহেলী পারভীন নিরী)

সভাপতি

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

তারিখ : ১৩/০৮/২০২১ খ্রিঃ।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০০.০০০.০০.২১-৫৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১।

সদস্য সচিব

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার

কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।


স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০০.০০০.- ৪৫

তারিখ :- ৮/৮/২০... খ্রিঃ।

বিষয় : উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির ... মোসাম্মত ... মাসের সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ... ০৬/৮/২০... খ্রিঃ তারিখ বেলা- ... ১২.৩০... ঘটিকার সময়
নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা উপজেলা পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।



(মোসাম্মত সোহেলী পারভীন নিরী)

সভাপতি

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

প্রাপক : জনাব
.....।